

স্নাতকোত্তর পাঠ্যক্রম ( P.G. )

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা ( Term End Examination ) : জুন, ২০২২ / ডিসেম্বর, ২০২২

বাংলা ( Bengali )

প্রথম পত্র (1st Paper : BANGLA SAHITYER ITIHAS )

সময় : চার ঘণ্টা

পূর্ণমান : ১০০

Time : 4 hours

Full Marks : 100

( মানের গুরুত্ব : ৮০% )

( Weightage of Marks : 80% )

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুল্ক বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

**Special credit will be given for precise and correct answer. Marks will be deducted for spelling mistakes, untidiness and illegible handwriting.  
The figures in the margin indicate full marks.**

১. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন ( অনধিক ৪৫০ শব্দে ) :  $18 \times 2 = 36$
- ক) বাংলা সাহিত্যের সামগ্রিক ইতিহাস কীভাবে পাঠ করা উচিত, সেই বিষয়ে একটি নাতোর্ধ নিবন্ধ রচনা করুন।
- খ) বাংলা সাহিত্যের মধ্যযুগের ইতিহাসে একটি অন্যতম প্রকরণ অনুবাদ সাহিত্য। কোন্‌ প্রেক্ষাপটে কীভাবে এক বিশেষ সময়ে রামায়ণ-মহাভারত-ভাগবত অনুবাদ অনিবার্য হয়ে উঠেছিল, যুক্তিসহ আলোচনা করুন।
- গ) ‘সাহিত্যের নবপর্যায়ের পদ্ধতি হচ্ছে ঘটনা-পরম্পরায় বিবরণ দেওয়া নয়, বিশ্লেষণ করে তার আঁতের কথা বের করে দেখানো। সেই পদ্ধতিই দেখা দিল চোখের বালিতে।’ — রবিন্দ্রনাথের এই উক্তির আলোকে ‘চোখের বালি’ উপন্যাসটি আলোচনা করুন।
- ঘ) ‘হিতং মনোহারি চ দুর্লভং বচঃ’ — এটি কোন্‌ সাময়িক পত্রিকার উদ্দেশ্য ছিল ? সেই পত্রিকার নামকরণ কে করেছিলেন ? বাংলা সাহিত্যের ইতিহাসে পত্রিকাটির অবদান উল্লেখ করুন।  $1 + 1 + 16$
২. যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন ( অনধিক ৩০০ শব্দে ) :  $12 \times 3 = 36$
- ক) ‘আমার কোলের চেয়ে বেশি উচ্চ সম্মানিত কোনো / আসন এ বিষ্ণে নেই, আর সে আসন ঈশ্বরীর।’ — কার লেখা ? তাঁর দুটি কাব্যগ্রন্থের নামেল্লেখ করুন। বাংলা আধুনিক কবিতার ইতিহাসে উক্ত কবির গুরুত্ব আলোচনা করুন।  $1 + 2 + ৯$

খ) মঙ্গলকাব্য কাকে বলে ? মঙ্গলকাব্য আসলে মিশনসত্ত্ব দেবতার উপাখ্যান' — মন্তব্যটির পক্ষে বা বিপক্ষে আপনার মত দিন। 'অন্নদামঙ্গল' কি মঙ্গলকাব্য ? যুক্তিসহ ব্যাখ্যা করুন। ২ + ৫ + ৫

গ) সহজমহাসুখ কী ? প্রসঙ্গত চর্যাগানের সাধনতত্ত্বটি সংক্ষেপে বিবৃত করুন। ৪ + ৮

ঘ) 'A Biographical sketch of David Hare' কার লেখা ? কবে সেটি প্রকাশিত হয় ? এই গ্রন্থের বাংলা সংস্করণটির নাম কী ? সেটির প্রকাশকাল কত ? বাংলা প্রবন্ধ সাহিত্যের ইতিহাসে উক্ত উভয় গ্রন্থের লেখকের অবদান আলোচনা করুন।

১ + ১ + ১ + ১ + ৮

ঙ) উদাহরণযোগে ছতোমী গদাশেলীর বৈশিষ্ট্যগুলি চিহ্নিত করুন।

চ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য সম্পর্কে একটি অতি প্রচলিত ধারণা হল, কাব্যটি 'অশ্লীল'। এই প্রচলিত ধারণার সাপেক্ষে আপনার অবস্থান নির্দিষ্ট করুন।

৩. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দিন ( অনধিক ১৫০ শব্দে ) : ৭ × ৪ = ২৮

ক) বিদ্যাপতি-রচিত 'বৈষ্ণব পদগুলি কোন্ রসশাস্ত্র অনুযায়ী পাঠ করা উচিত, যুক্তিসহ বুঝিয়ে দিন।

খ) 'চৈতন্যভাগবত' এবং 'চৈতন্যচরিতামৃত' আসলে পরম্পরের পরিপূরক গ্রন্থ — মন্তব্যটির সত্যতা যাচাই করুন।

গ) ঢীকা লিখুন : "পদকল্পতরু"।

ঘ) 'মেঘনাদবধ কাব্য'-র রসবিচার করুন।

ঙ) রবীন্দ্রসংগীতের আবেদন শুধুই শ্রবণে নয়, রবীন্দ্রসংগীত পাঠ-ও সাহিত্যের ইতিহাসের অঙ্গিভূত হওয়া উচিত — এই বিষয়ে আপনার মন্তব্য যৌক্তিক পারম্পর্যে সজ্জিত করুন।

চ) প্রাবন্ধিক শশিভূষণ দাশগুপ্তের পরিচয় দিন। তাঁর প্রথম গবেষণাগ্রন্থ কোনটি ? সেটি কবে প্রকাশিত হয় ? ৫ + ১ + ১

ছ) 'আমরা এই পত্রকে সুশিক্ষিত বাঙালীর পাঠোপযোগী করিতে যত্ত করিব ।' — 'এই পত্র' বলতে কী বোঝানো হয়েছে ? সেই পত্রিকার প্রথম সম্পাদক কে ছিলেন ? তাঁর সম্পাদনায় পত্রিকার প্রথম ও শেষ সংখ্যা কবে প্রকাশিত হয় ? উক্ত পত্রিকায় প্রকাশিত বক্ষিষ্ঠচন্দ্রের যে-কোনো তিনটি রচনার নামোল্লেখ করুন।

১ + ১ + ১ + ১ + ৩

জ) 'হাড়কাটা' গল্পের লেখক কে ? কবে কোন্ পত্রিকায় গল্পটি প্রথম প্রকাশিত হয় ? 'মানুষ রতন' গল্পের প্রেক্ষাপট নির্দেশ করুন। প্রসঙ্গত, গল্পকারের ভাষাব্যবহারের বিশেষত্ব সম্পর্কে আলোচনা করুন। ১ + ১ + ১ + ১ + ৩